

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.০০৮.২১.৬৯৬

তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি বিভিন্ন অপরাধে ৩৮টি প্রতিষ্ঠানকে ৫.২৬ লক্ষ টাকা জরিমানা

১৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যক্রম, বিভাগীয় ও জেলা কার্যক্রমের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর ময়মনসিংহ, শরীয়তপুর, গাজীপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ, ভোলা, সিলেট, রংপুর, দিনাজপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ ও বগুড়া-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

প্রধান কার্যক্রমের উপপরিচালক জনাব মো: মাসুম আরেফিন ও ঢাকা বিভাগীয় কার্যক্রমের উপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব ফাহিমিনা আক্তার, জনাব মো: মাগফুর রহমান কর্তৃক দক্ষিণগাঁও বাজার, গুলশান এলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজারতদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'জহির এন্ড ব্রাদার্স' কে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে 'বসুন্ধরা ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরি' কে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধবিক্রির অপরাধে 'ইসলাম ফার্মা', 'আল-মদিনা ফার্মেসী' কে যথাক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে 'মেসার্স গ্লোব ফার্মেসী' কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে 'Hang bao Restaurant' কে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থ ১৭ গত ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে মোট ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ১০টি বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ ও জনের কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৩১টি প্রতিষ্ঠানকে ২,৬৪,০০০/- (দুই লক্ষ চৌষাট হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

গত ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সর্ব মোট ১৪টি বাজার তদারকি কার্যক্রম পরিচালনাও ১টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৩৮টি প্রতিষ্ঠানকে মোট ৫,২৬,০০০/- (পাঁচ লক্ষ ছাষিশ হাজার) টাকা জরিমানা আরোপ করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্যক্রমে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(তাহমিনা বেগম)

সহকারী পরিচালক (কার্যক্রম)

ফোন: ০২-৮১৮৯৪১১

ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/দৈনিক মানবজমিন/দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে নুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন নতীর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্মকর্তা বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।